

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ৩২/২০১৮

তারিখঃ ২২/০৪/২০১৮খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর অফিস স্মারক নং-এস ২-৪০/বিবিধ/সাবটিম-১২/২০০১-০৮ (অংশ-৩)/৭৫৫৪(৫)কাস, তারিখ-১৯/০৪/১৮খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

(মোহাম্মদ মুছা)

সচিব

“ উন্নয়নের অক্সিজেন রাজস্ব ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টম হাউস, চট্টগ্রাম।

“ জনকল্যাণে রাজস্ব ”

### অফিস স্মারক

বিষয়ঃ বিনামূল্যে/ Free of Cost (FOC) এর ভিত্তিতে পোষাক শিল্পের আমদানিকৃত কাঁচামাল দ্রুত খালাসের নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, পোষাক শিল্পের আমদানিকৃত কাঁচামাল দ্রুত খালাসের জন্য নির্দেশনা থাকা সত্ত্বেও বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (BGMEA), দি চট্টগ্রাম চেম্বার অব কমার্সসহ বিভিন্ন সূত্র থেকে নিম্ন স্বাক্ষরকারী অবহিত হয়েছেন যে, বিভিন্ন পোষাক শিল্পের জন্য বিনামূল্যে/ Free of Cost (FOC) এর ভিত্তিতে আমদানিকৃত কাঁচামাল খালাসে সংশ্লিষ্ট শুদ্ধায়ন সাবটিম (যেমন সাবটিম-১২,১৩,১৪,১৫ ও ১৬) যথাযথভাবে এবং দ্রুততার সাথে উক্ত চালান খালাস করছে না। দ্রুততার সাথে এ সকল কাঁচামালের চালান খালাসের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতিসমূহ অনুসরণ করার জন্য নির্দেশ দেয়া হলোঃ

- ক) বিনামূল্যে/ Free of Cost (FOC) এর মাধ্যমে আমদানিকৃত কাঁচামাল চালানোর ক্ষেত্রে বিগত বছরের রপ্তানিকৃত পণ্যের পরিমাণ অনুযায়ী বর্তমান বছরে যে পরিমাণ Free of Cost (FOC) এর ভিত্তিতে পণ্য আমদানি সুবিধা প্রাপ্য, তার স্বপক্ষে সংশ্লিষ্ট ব্যাংকের সঠিক প্রত্যয়ণ পত্র দাখিল করতে হবে। উল্লেখ্য, সংশ্লিষ্ট বছরের পূর্ববর্তী বছরের রপ্তানিকৃত পণ্যের এক-তৃতীয়াংশ পণ্য তৈরী করতে যে পরিমাণ কাঁচামাল প্রয়োজন, সেই পরিমাণের অধিক কাঁচামাল খালাস দেয়া যাবে না।
- খ) বিল অব এন্ট্রিতে উল্লেখিত পণ্যের বর্ণনার সাথে UD এ উল্লেখিত বর্ণনা এবং কায়িক পরীক্ষায় প্রাপ্ত পণ্যের মিল থাকতে হবে। কোন অসামঞ্জস্যতা পাওয়া গেলে নথি উদ্ধৃতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে। প্রয়োজনে বা বিশেষ ক্ষেত্রে কাটিং তদারকির মাধ্যমে চালান খালাস দেয়া যাবে।
- গ) FOC এর মাধ্যমে কাঁচামাল আমদানিকৃত কোন প্রতিষ্ঠান অস্তিত্বহীন/দীর্ঘদিন বন্ধ রয়েছে কিনা যাচাই করতে হবে।
- ঘ) FOC এর মাধ্যমে কাঁচামাল আমদানিকৃত কোন প্রতিষ্ঠানের পূর্ববর্তী বছরের রপ্তানি পারফরমেন্স সন্তোষজনক রয়েছে কিনা তা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্ব স্ব লিয়েন ব্যাংক হতে যাচাই করতে হবে।
- ঙ) এছাড়া FOC এর ভিত্তিতে কাঁচামাল আমদানিকৃত প্রতিষ্ঠানের আমদানিযোগ্যতা নির্ধারণের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ ৩(১) শৃঙ্খ: রপ্তানি ও বন্ড/২০০১/৭০২(১), তারিখঃ ১৩/১২/২০০৩, এসআরও-১৫৩-আইন/৯৩/১৫২০/শৃঙ্খ, তারিখঃ ৩/০৮/১৯৯৩, বিদ্যমান আমদানি নীতি আদেশ এবং অন্যান্য রীতি-নীতি (Convention) ইত্যাদি এ যা যা উল্লেখ আছে তা যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- চ) FOC এর ভিত্তিতে আমদানিকৃত কাঁচামালের যেসকল চালান নোটিং করা হয়েছে কিন্তু বিল অব এন্ট্রি দাখিলের ৩ দিনের মধ্যে সিএন্ডএফ এজেন্ট/আমদানিকারক কর্তৃক পণ্য খালাসের উদ্যোগ নেয়া হয়নি বা খালাসের জন্য প্রয়োজনীয় দলিলাদি দাখিল করা হয়নি সেক্ষেত্রে Asycuda World System হতে এ ধরনের বিল অব এন্ট্রির তালিকা সংগ্রহ করে তা খালাসের জন্য বিল অব এন্ট্রি দাখিলের ৪র্থ দিনের মধ্যে সাবটিমের দায়িত্বপ্রাপ্ত সহকারী/ উপ-কমিশনার, সংশ্লিষ্ট সাবটিমের রাজস্ব কর্মকর্তার সহায়তায় উক্ত চালান খালাসের অনুরোধ করে আমদানিকারক/সিএন্ডএফ এজেন্ট বরাবর পত্র প্রেরণ করবেন।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-

[ড. এ কে এম নুরঞ্জামান]  
কমিশনার অব কাস্টমস  
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং-এস- ২-৪০/বিবিধ/সাবটিম-১২/২০০১-০৮ (অংশ-৩)/৭৫৫৪(৫)কাস

তারিখ-১৯/০৪/২০১৮